DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 12:44 PM

বিনোদন

# স্পেনের জয়ে যা লিখলেন শাকিব-বুবলী-অপু

প্রতিবেদক: বিনোদন ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM




ছবি: শবনম বুবলী, শাকিব খান ও অপু বিশ্বাস

ফুটবল বিশ্বকাপের উন্মাদনা ছড়িয়ে পড়েছে বিশ্বজুড়ে। ২০২৬ সালের আসরে স্পেনের চ্যাম্পিয়ন হওয়ার খবর পৌঁছে গেছে বাংলাদেশের বিনোদন অঙ্গনেও।

প্রিয় দলের জয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রতিক্রিয়া জানিয়েছেন ঢাকাই সিনেমার জনপ্রিয় তারকারা।
স্পেনের বিশ্বকাপ জয়ের পর সুপারস্টার শাকিব খান নিজের অফিশিয়াল ফেসবুক পেজে শুভেচ্ছা জানিয়ে লিখেছেন, ২০২৬ ফিফা বিশ্বকাপ জয়ের জন্য স্পেনকে অভিনন্দন।

চিত্রনায়িকা শবনম বুবলীও স্পেনের সাফল্যে মুগ্ধতা প্রকাশ করেছেন। তিনি লিখেছেন, স্পেনকে অনেক অনেক অভিনন্দন! তারা সত্যিই এটার যোগ্য।

ফিফা ফুটবল বিশ্বকাপ-২০২৬ চ্যাম্পিয়নস।
অন্যদিকে, চিত্রনায়িকা অপু বিশ্বাসও স্পেনকে অভিনন্দন জানিয়েছেন। সংক্ষিপ্ত এক পোস্টে তিনি লিখেছেন, অভিনন্দন স্পেন।

নিউ জার্সিতে অনুষ্ঠিত বিশ্বকাপ ফাইনালে শুরু থেকেই শক্ত অবস্থানে ছিল স্পেন।

বলের নিয়ন্ত্রণ, আক্রমণের ধার এবং মাঠের কৌশলে এগিয়ে থেকে ম্যাচের নিয়ন্ত্রণ নিজেদের হাতে রাখে দলটি। পুরো ম্যাচে আর্জেন্টিনা নিজেদের স্বাভাবিক ছন্দে ফিরতে পারেনি।
ফাইনালে হারের ফলে টানা দ্বিতীয়বার বিশ্বকাপ জয়ের আর্জেন্টিনার আশা শেষ হয়ে যায়। অন্যদিকে দুর্দান্ত পারফরম্যান্সের মাধ্যমে শিরোপা জিতে বিশ্বফুটবলে নিজেদের আধিপত্যের নতুন অধ্যায় তৈরি করেছে স্পেন।

স্পেনের এই সাফল্যে বিশ্বজুড়ে ফুটবলভক্তদের পাশাপাশি বাংলাদেশের তারকারাও জানিয়েছেন নিজেদের শুভেচ্ছা।

---

## এ বিভাগের আরও খবর



**ইতালিতে বাঁধনের ওপর হামলাকারী ৩ ব্যক্তি শনাক্ত**
অভিনেত্রী আজমেরী হক বাঁধনের ওপর হামলা ও হেনস্তার ঘটনায় জড়িত কয়েকজনের পরিচয় পাওয়া গেছে। ভিডিও বিশ্লেষণ করে তাদের মধ্যে শিপল মাহমুদ বিপ্লব, ইল...



**সামান্য মস্করায় ফাঁসলেন নোরা ফাতেহি, খেলেন ৪ কোটি টাকার মামলা**
বিমানে বসে সেটিকে নিয়ে বিদ্রূপাত্মক পোস্ট করায় আইনি ঝামেলায় পড়েছেন বলিউড অভিনেত্রী নোরা ফাতেহি। তার বিরুদ্ধে তিন কোটি রুপির (বাংলাদেশি মুদ্র...



### নিজেদের বঙ্গবন্ধুর সৈনিক পরিচয় দিয়ে অভিনেত্রী বাঁধনের ওপর হামলা

ইতালিতে লাঞ্ছনার শিকার হয়েছেন জনপ্রিয় অভিনেত্রী আজমেরী হক বাঁধন। ভেনিস আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে যোগ দিতে গিয়ে দেশটির  মেস্ত্রে শহরে...



### হার্দিকের সঙ্গে আমিশার প্রেমের গুঞ্জন, সোশ্যাল মিডিয়ায় ভিডিও ভাইরাল

ক্রিকেট মাঠের পারফরম্যান্সের চেয়ে ব্যক্তিগত জীবন নিয়েই এখন বেশি আলোচনায় ভারতীয় ক্রিকেটার হার্দিক পান্ডিয়া। নাতাশা স্ট্যানকোভিচের সঙ্গে সম্পর...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/entertainment/spener-jye-ja-likhlen-shakib-bubli-opu